**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-03-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যে এখন পর্যন্ত ৩৪ হাজার ৪৬৯ জন ৭০ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিক আয়ুষ্মান ভারত প্রকল্পে আয়ুষ্মান বয়: বন্দনা স্কিমে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্রহণের জন্য নাম নথিভুক্ত করেছেন।**

**(২) আগরতলা পুর নিগম এলাকায় পরিশ্রুত পানীয় জল সরবরাহের লক্ষ্যে পুর নিগম জল বোর্ড ও স্মার্ট সিটি যৌথভাবে ৩৬টি প্রকল্প গ্রহণ করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন প্রয়াগরাজে অনুষ্ঠিত মহাকুম্ভ উদীয়মান ভারতের চেতনাকে প্রতিফলিত করেছে এবং সমগ্র বিশ্ব দেশের শক্তি প্রত্যক্ষ করেছে ।**

**(৪) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, ভারতীয় রেল গত দশ বছরে পাঁচ লক্ষ চাকরির সুযোগ করে দিয়েছে এবং এক লক্ষেরও বেশি চাকরির জন্য নিয়োগ প্রক্রিয়া চলছে ।**

*********************************************************

**Ayushman Vay Vandana Scheme :**

রাজ্যে এখন পর্যন্ত ৩৪ হাজার ৪৬৯ জন ৭০ বছর উর্ধ্ব প্রবীণ নাগরিক আয়ুষ্মান ভারত প্রকল্পে আয়ুষ্মান বয়: বন্দনা স্কিমে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্রহণের জন্য নাম নথিভুক্ত করেছেন। রাজ্যে আয়ুষ্মান প্রকল্পের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডা: শুভেন্দু দেববর্মা আজ আকাশবাণীর প্রতিনিধিকে এখবর জানান। তিনি আরো বলেন গত বছর ৩০ অক্টোবর আয়ুর্বেদ দিবসে প্রধানমন্ত্রী এই প্রকল্পের সূচনা করেন। এই প্রকল্পে ৭০ বছর উর্ধ্বে প্রবীণ নাগরিকরা আয়ুষ্মান বয়: বন্দনা কার্ডের মাধ্যমে দেশের ৩৬

হাজার হাসপাতালে চিকিৎসার জন্য পাঁচ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা পাবেন। যদি এক পরিবারের দুজনই ৭০ বছরের ঊর্ধ্বে হন তাহলেও প্রত্যেকেই চিকিৎসা জন্য পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা পাবেন। তাছাড়া পরিবারের ৭০ অনূর্ধ্ব অন্যান্য সদস্যরাও প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা ভোগ করতে পারবেন। তিনি আরো জানান, এখন পর্যন্ত রাজ্যের আট জেলার মধ্যে সবচেয়ে বেশি কার্ড বিলি করা হয়েছে পশ্চিম জেলায়। এই জেলায় আয়ুষ্মান বয় বন্দনা প্রকল্পে ৭ হাজার ১৭৬ জন কার্ড পেয়েছেন।

#########Byte-Subhendu Debbarma######

***************************************

**Drinking Water :**

আগরতলা পুর নিগম এলাকায় পরিশ্রুত পানীয় জল সরবরাহের লক্ষ্যে পুর নিগম জল বোর্ড ও স্মার্ট সিটি যৌথভাবে ৩৬টি প্রকল্প গ্রহণ করেছে। পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ এখবর জানান। তিনি জানান, এই প্রকল্পগুলির জন্য ১৭ কোটি টাকা ব্যয় হবে।

********************************

**Animal-Bird Mela :**

কৈলাশহরের ডলুগাঁও স্কুল মাঠে আজ প্রাণীসম্পদ বিকাশ দপ্তর আয়োজিত পশু-পাখি মেলার উদ্বোধন করেন শ্রমমন্ত্রী টিংকু রায়। তিনি বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে ও জৈব-বৈচিত্র রক্ষায় প্রাণী পালনের গুরুত্ব অপরিসীম। প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস প্রাণীপালকদের কল্যাণে সরকারের গৃহীত উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। প্রাণী পালকদের উৎসাহ বৃদ্ধিতে পুরষ্কার প্রদান করা হয়। একটি স্ব-সহায়ক দলকে দশ লক্ষ টাকার চেক তুলে দেওয়া হয়।

*********************************

**Madhyamik-TBSE & CBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত মাধ্যমিক পরীক্ষা আজ শেষ হয়েছে। পর্ষদ সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী জানিয়েছেন, এবছর মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের উত্তরপত্র মূল্যায়নের কাজ আগামী দোসরা এপ্রিল থেকে শুরু হবে।

এদিকে, সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন বা CBSE পরিচালিত মাধ্যমিক পরীক্ষাও আজ শেষ হয়েছে। রাজ্যে ৭৭টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়।

***************************

**NIT AGARTALA :**

এন আই টি আগরতলা এবং আই আই আই টি আগরতলার যৌথ উদ্যোগে আজ থেকে এন আই টি আগরতলায় দুই দিনের শিল্প কারিগরি ভিত্তিক শিক্ষামূলক কনক্লেভ আই.টি.এ.সি-২০২৫ শুরু হয়েছে। এন আই টি আগরতলার স্বামী বিবেকানন্দ সেমিনার হলে আয়োজিত এই কনক্লেভে আগামীকাল উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। আজ প্রথমদিনে উত্তর-পূর্বাঞ্চলকে দক্ষিন এশিয়ার শিক্ষা হাব হিসাবে গড়ে তোলা নিয়ে আলোচনা হয়।

******************************

**CIPET Conference :**

সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যালস ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বা সিপেট আগরতলা শাখার উদ্যোগে আজ থেকে প্রজ্ঞা ভবনে দুদিনব্যাপী জাতীয় সেমিনার শুরু হয়েছে। সেমিনারের মূল বিষয় 'অপরচুনিটিস এন্ড চ্যালেঞ্জিং ফর পেট্রোকেমিক্যালস এন্ড এলাইড সেক্টর ইন নর্থইস্ট রিজন'। সিপেটের গুয়াহাটি ও ত্রিপুরার ভারপ্রাপ্ত আধিকারিক হরেকৃষ্ণ ডেকা স্বাগত ভাষণে বলেন, উত্তর পূর্বাঞ্চলের পরিবেশ পরিস্থিতি ও ভৌগোলিক দিকের উপর নজর রেখে পেট্রোপণ্য ক্ষেত্রকে কাজে লাগিয়ে কিভাবে নতুন নতুন

শিল্প গড়ে তোলা যায় এসমস্ত বিষয় নিয়ে আলোচনার জন্যই এই সেমিনারের আয়োজন। পেট্রোকেমিক্যালকে ভিত্তি করে রাজ্যে কি কি ধরনের নতুন নতুন শিল্প গড়ে তোলা যেতে পারে এ বিষয়ে বক্তব্য রাখেন টিআইডিসির চেয়ারম্যান নবাদল বনিক, ও.এন.জি.সি-র অ্যাসেট ম্যানেজার সঞ্জীব কুমার জানজুয়া। সেমিনারে দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ ও শিল্প - বাণিজ্য দপ্তরের আধিকারিকগণ, শিল্প উদ্যোগী এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করেন।

******************************

**National Youth Parliament :**

ঊনকোটি জেলার ফটিকরায় আম্বেদকর কলেজের অডিটরিয়ামে আজ থেকে শুরু হয়েছে দু'দিনের "জাতীয় যুব সংসদ"। যুব সংসদের ভাবনা হচ্ছে " এক দেশ, এক নির্বাচন বিকশিত ভারতের অভিমুখে।" নেহেরু যুব কেন্দ্র আয়োজিত এই যুব সংসদের উদ্বোধন করেন, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস। তিনি যুব সম্প্রদায়ের জাগরণে ও বিকশিত ভারত গঠনে এধরনের কর্মসূচি গ্রহণ করায় আয়োজকদের ধন্যবাদ জানান। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, অবসরপ্রাপ্ত জেলা শাসক ডিংলিয়ানা দারলং প্রমুখ। ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলার ১০০ জন যুব যুবতী যুব সংসদে অংশ নিয়েছে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-Mahakumbh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে প্রয়াগরাজে অনুষ্ঠিত মহাকুম্ভ উদীয়মান ভারতের চেতনাকে প্রতিফলিত করেছে এবং সমগ্র বিশ্ব দেশের শক্তি প্রত্যক্ষ করেছে। তিনি আরও বলেন যে বৈচিত্র্যের মধ্যে ঐক্য ভারতের একটি বিশেষত্ব, যা সম্প্রতি সমাপ্ত মহাকুম্ভের সময় অনুভূত হয়েছিল। মহাকুম্ভ বিষয়ে লোকসভায় এক বিবৃতিতে শ্রী মোদী বলেন, যখন সমগ্র বিশ্ব চ্যালেঞ্জিং সময়ের মধ্য দিয়ে যাচ্ছে, তখন এই ঐক্যের বিশাল প্রদর্শনী দেশের সবচেয়ে বড় শক্তি। তিনি বৈচিত্র্যের মধ্যে ঐক্যের এই বিশেষত্বকে সমৃদ্ধ করার প্রয়োজনীয়তার উপর জোর দেন।

জল সংরক্ষণের গুরুত্ব তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ভারতে অনেক নদী রয়েছে যার মধ্যে কিছু বিপন্ন। তিনি মহাকুম্ভ থেকে অনুপ্রেরণা নিয়ে নদী উৎসব সম্প্রসারণের প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন, এটি নতুন প্রজন্মকে জল সংরক্ষণের গুরুত্ব শেখাবে। তিনি প্রয়াগরাজে মহাকুম্ভের সাফল্যে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশংসা করে বলেন যে, এই ঐতিহাসিক ঘটনা দেশবাসীকে অনেক অনুপ্রেরণা দিয়েছে কারণ এটি জনগণের নেতৃত্বে পরিচালিত হয়েছে।

#######Byte-PM######

গত বছর অযোধ্যার রাম মন্দিরে ভগবান রামের প্রাণপ্রতিষ্ঠার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এটি প্রতিফলিত করেছে যে দেশ কীভাবে পরবর্তী হাজার বছরের জন্য নিজেকে প্রস্তুত করছে এবং মহাকুম্ভের সময় এই চিন্তাভাবনা আরও জোরদার হয়েছে।

প্রধানমন্ত্রীর বক্তব্যের পর, বিরোধী সদস্যরা সংসদে হট্টগোলের সৃষ্টি করেন এবং প্রশ্ন তোলেন কোন নিয়ম অনুসারে প্রধানমন্ত্রীকে কথা বলতে দেওয়া হয়েছে।

অধ্যক্ষ ওম বিড়লা স্পষ্ট করে বলেন যে নিয়ম অনুসারে প্রধানমন্ত্রী এবং কেন্দ্রীয় মন্ত্রীরা সংসদে বক্তব্য রাখতে পারবেন। হট্টগোল অব্যাহত থাকায়, অধ্যক্ষ দুপুর ১টা পর্যন্ত অধিবেশন মুলতবি ঘোষণা করেন।

*********************************

**Ashwini Vaishnaw :**

রেল মন্ত্রকের কার্যকারিতা নিয়ে লোকসভায় আলোচনার জবাবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, ভারতীয় রেল গত দশ বছরে পাঁচ লক্ষ চাকরির সুযোগ করে দিয়েছে এবং এক লক্ষেরও বেশি চাকরির জন্য নিয়োগ প্রক্রিয়া চলছে। ভারতীয় রেলের আর্থিক অবস্থা ভালো এবং সরকার এটিকে আরও উন্নত করার জন্য কাজ করছে। তিনি বলেন, দেশে ২০২০ সাল থেকে যাত্রী ভাড়া বাড়ানো হয়নি। তিনি আরও বলেন যে সরকার দেশে রেল দুর্ঘটনা কমানোর দিকে মনোনিবেশ করেছে রেল ও যাত্রী নিরাপত্তার উপর অনেক মনোযোগ দেওয়া হচ্ছে। শ্রী বৈষ্ণব বলেন, অনেক প্রযুক্তিগত পরিবর্তন আনা হয়েছে। তিনি বলেন, ভারত রেলের একটি বড় রপ্তানিকারক হয়ে উঠেছে। তিনি বলেন, ভারতের লোকোমোটিভ উৎপাদন সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপের মিলিত উৎপাদনের চেয়েও বেশি। মন্ত্রী বলেন, ৩৪ হাজার কিলোমিটার রেলপথ তৈরি করা হয়েছে, যা জার্মানির সমগ্র রেল নেটওয়ার্কের চেয়েও বেশি।

মন্ত্রী যখন উত্তর দিচ্ছিলেন, তখন কংগ্রেস, ডিএমকে, টিএমসি এবং অন্যান্য বিরোধী দলের সদস্যরা প্রয়াগরাজে মহাকুম্ভ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বক্তব্যের প্রতিবাদ করেন।

পরে, ২০২৫-২৬ সালের জন্য জলশক্তি মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন অনুদানের দাবি নিয়ে সংসদে আলোচনা শুরু হয়। তবে, বিরোধীরা তাদের প্রতিবাদ অব্যাহত রাখে, যার ফলে সংসদ দিনের জন্য মুলতবি করা হয়।

*****************************

**WAVES 2025 :**

দেশে প্রথম বারের মতো অনুষ্ঠিত হতে চলছে ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েভস ২০২৫ অর্থাৎ শ্রুতি-দৃশ্য ও বিনোদন ক্ষেত্রে বিশ্ব শিখর সম্মেলন। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের উদ্যোগে চারদিনের এই অনুষ্ঠান আয়োজিত হবে মহারাষ্ট্রের মুম্বাইয়ে জিও কনভেনশন সেন্টারে, আগামী ১-৪ মে।

'ওয়েভস-২০২৫' সামিটের মূল আকর্ষণ হিসেবে থাকবে গ্লোবাল মিডিয়া ডায়ালগ, যেখানে মন্ত্রীগণ এবং নীতিনির্ধারকরা মিডিয়া ভবিষ্যতের নীতি নির্ধারণ করবেন। এছাড়া থট লিডারস ট্র্যাক, ওয়েভস প্রদর্শনী, ভারত প্যাভিলিয়ন, 'ওয়েভস-বাজার' এবং ওয়েভ-এক্সেলারেটরের মাধ্যমে মিডিয়া স্টার্টআপদের বিনিয়োগ সুবিধা এবং পরামর্শ নেবার সুযোগ তৈরী হবে।

'ওয়েভস-২০২৫' বিশ্বব্যাপী মিডিয়া ও বিনোদন শিল্পকে এক মঞ্চে এনে পারস্পরিক সহযোগিতার নতুন দুয়ার খুলে দেবে। প্রযুক্তির উন্নয়ন ও মিডিয়ার ভূমিকার বিবর্তনকে সামনে রেখে এই সম্মেলন হবে এক নতুন দিগন্তের সূচনা, যা আন্তর্জাতিক স্তরে ভারতের মিডিয়া শিল্পকে আরও শক্তিশালী করবে।

গণ মাধ্যম ও বিনোদন শিল্প ক্ষেত্রের পেশাদার, বিনিয়োগকারী, স্রষ্টা এবং উদ্ভাবক - সকলের জন্য এই সম্মেলন মিডিয়া ও এন্টারটেনমেন্ট দুনিয়ায় সার্বিক সম্পর্ক-সংযোগ, সহযোগিতা, উদ্ভাবন এবং অবদানের জন্য সর্বোচ্চ স্তরের সুবিধা করে দেবে । মিডিয়া কন্টেন্ট বা বিষয়বস্তু তৈরি, মেধা স্বত্ব অধিকার এবং প্রযুক্তিগত উদ্ভাবনের কেন্দ্র হিসাবে উপযোগী মঞ্চ হয়ে উঠার প্রয়াস নিতে চলেছে ওয়েভস । একইসাথে, ভারতের সৃজনশীল প্রতিভাদের সম্মিলিত শক্তিকে বিবর্ধিত করার জন্যও প্রস্তুতি নিচ্ছে ওয়েভস ২০২৫। ওয়েভস-এ মিডিয়া ও এন্টারটেনমেন্ট ক্ষেত্রের অন্তর্ভুক্ত মধ্যে রয়েছে সম্প্রচার, প্রিন্ট মিডিয়া, টেলিভিশন, রেডিও, চলচ্চিত্র, অ্যানিমেশন, ভিজ্যুয়াল এফেক্টস, গেমিং, কমিকস, সাউন্ড অ্যান্ড মিউজিক, বিজ্ঞাপন, ডিজিটাল মিডিয়া, সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম, জেনারেটিভ এআই, অগমেন্টেড রিয়েলিটি, ভার্চুয়াল রিয়েলিটি এবং এক্সটেন্ডেড রিয়েলিটি ইত্যাদি পেশার উপ-ক্ষেত্রসমূহ।

****************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। জনগনের পরামর্শ এমাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

**********************